গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কচুয়া, বাগেরহাট।
www.kachua.bagerhat.gov.bd

নম্বর- ০৫.৪৪.০১৩৮.০০০.০০০.৪৩.০০০২.২৬-৮৮২

তারিখ: ৬ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ / ২১ জুলাই, ২০২৬ খ্রি.

**বিষয়: ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার (Enumerator) নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি:**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের নিমিত্ত "ফ্যামিলি কার্ড" প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করেছে। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" অনুসারে দেশব্যাপী আগামী ১ আগস্ট, ২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর, ২০২৬ পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারী কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে বাগেরহাট জেলাধীন কচুয়া উপজেলায় তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার (Enumerator) নিয়োজিত করা হবে। উক্ত শুমারি কার্যক্রমে অস্থায়ীভাবে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার হিসেবে যুক্ত হতে আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্রমিক নং | কাজের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতার কারণ (নিরঙ্কুশ বর্জন) | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী (Enumerator) | ১. ন্যূনতম এইচএসসি বা সমমান পাস<br>২. বয়স: ১৮ থেকে ৪০ বছর (শুমারি তারিখে)<br>৩. ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর<br>৪. সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ওই এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>৫. বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>৬. শারীরিক ও মানসিকভাবে সক্ষম এবং মাঠে কাজ করতে সম্মত | ১. নারী প্রার্থী প্রতি উপজেলায় কমপক্ষে ৫০% নারী গণনাকারীর লক্ষ্যমাত্রা<br>২. স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রিধারী<br>৩. পূর্বে BBS জরিপে কাজের অভিজ্ঞতা | ১. ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>২. সরকারি বা আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>৩.ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর<br>৪. পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দণ্ডিত | জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| ০২ | সুপারভাইজার | ১. ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস; বয়স ২৫-৪৫ বছর<br>২. ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায় ৮০% নম্বর।<br>৩. তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>৪. দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | ১. প্রতিটি EA শারীরিকভাবে প্রতিদিন পরিদর্শন<br>২. প্রতি EA এর ৫%-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>৩. সন্ধ্যার মধ্যে ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>৪. ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত<br>৫. সমস্যা ও অভিযোগ উপজেলা কমিটিকে তাৎক্ষণিক জানানো | ১.ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>২.সরকারি বা আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>৩.ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর<br>৪. পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দণ্ডিত | জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |

আবেদন ফরম প্রাপ্তির স্থান: ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, কচুয়া, বাগেরহাট থেকে সরাসরি অথবা ওয়েবসাইট লিংক: https://dss.kachua.bagerhat.gov.bd এ পাওয়া যাবে।

CamScanner

আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি:

| ক্রমিক নং | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ, সময় ও স্থান | ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য সময় |
|---|---|---|---|
| ০১ | ২২ জুলাই, ২০২৬ খ্রি. হতে ২৪ জুলাই, ২০২৬ খ্রি. সকাল ৯:০০টা থেকে দুপুর ২:০০টা পর্যন্ত | ২২ জুলাই, ২০২৬ খ্রি. হতে ২৪ জুলাই, ২০২৬ খ্রি. উপজেলা সমাজসেবা কার্যালয়, কচুয়া, বাগেরহাট। সকাল ৯:০০টা থেকে দুপুর ৩:০০টা পর্যন্ত | ২৫ জুলাই, ২০২৬ খ্রি. |

**শর্তাবলী:**

১) তথ্য সংগ্রহকারীগণ শুমারী চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করবেন।
২) ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ (আট) ঘণ্টা তথ্য সংগ্রহ করতে হবে।
৩) তথ্য প্রযুক্তি খাতে দক্ষ হতে হবে।
৪) তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি করা যাবেনা।
৫) কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবেনা।
৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক।
৭) ট্যাবলেট সযত্নে রক্ষণাবেক্ষণ করতে হবে। অবহেলায় ক্ষতি হলে ক্ষতিপূরণ প্রযোজ্য।
৮) কোন পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।
৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে।
১০) কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তির আংশিক পরিবর্তন/ সম্পূর্ণ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

22/7/2026

(মোঃ আলী হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
কচুয়া, বাগেরহাট।
unokachuabagerha@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কচুয়া, বাগেরহাট।
www.kachua.bagerhat.gov.bd

নং- ০৫.৪৪.০১৩৮.০০০.০০০.৪৩.০০০২.২৬ - ৮৮২

তারিখ: ৬ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ / ২১ জুলাই, ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য- ৯৬, বাগেরহাট-২।
২। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
৩। জেলা প্রশাসক, বাগেরহাট।
৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট।
৫। প্রশাসক, উপজেলা পরিষদ, কচুয়া, বাগেরহাট।
৬। সহকারী কমিশনার (ভূমি), কচুয়া, বাগেরহাট।
৭। অফিসার ইনচার্জ, কচুয়া থানা, কচুয়া, বাগেরহাট।
৮। জনাব ..........................সদস্য, ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, কচুয়া, বাগেরহাট।
৯। উপজেলা............................................কর্মকর্তা, কচুয়া, বাগেরহাট।
১০। প্রশাসক/চেয়ারম্যান ------------------------------------ (সকল) ইউনিয়ন পরিষদ, কচুয়া, বাগেরহাট।
১১। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব/মফস্বল সাংবাদিক ফোরাম/সোসাইটি, কচুয়া, বাগেরহাট।
১২। জনাব ----------------------------------------------------------------------, কচুয়া, বাগেরহাট।
১৩। অফিস নথি।

22/7/2026

(মোঃ আলী হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
কচুয়া, বাগেরহাট।
unokachuabagerha@mopa.gov.bd

CamScanner